

# একটি জন্ম শংসাপত্রের অর্ডার করা

## নিউইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন/নিউইয়র্ক শহরের স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্য বিভাগ (New York City Department of Health and Mental Hygiene)-এ স্বাগতম।

পাঁচটি বরোর মধ্যে জন্মানো যে কারও জন্য স্বাস্থ্য দপ্তর জন্মের শংসাপত্র ইস্যু করে: Brooklyn, Bronx, Manhattan, Queens এবং Staten Island।

### লাইন এডান

অনলাইনে বা মেলের মাধ্যমে আপনার জন্মের শংসাপত্র অর্ডার করুন এবং 30 দিনের মধ্যে সেটি পান। [nyc.gov/health](http://nyc.gov/health) দেখুন এবং আরও জানতে “order a birth certificate” (একটি জন্মের শংসাপত্র অর্ডার করা) অনুসন্ধান করুন, অথবা সরাসরি [vitalchek.com](http://vitalchek.com) এ যান। অনলাইনে অর্ডার করতে আপনার একটি ব্যক্তিগত ক্রেডিট, ডেবিট বা চেকিং অ্যাকাউন্ট থাকতে হবে, এবং আপনার নাম যদি অ্যাকাউন্টে দৃশ্যমান হয় শুধুমাত্র তাহলেই অর্ডারটি সম্পূর্ণ করা যাবে।

- প্রত্যেক শংসাপত্রের জন্য অনলাইন অর্ডার করতে খরচ \$15, সেইসাথে প্রত্যেকটি অর্ডার প্রক্রিয়াকরণ করার খরচ \$8.30।
- প্রত্যেক শংসাপত্রের মেলে অর্ডার করার খরচ \$15। কোনও প্রক্রিয়াকরণ খরচ নেই।

### নিজে গিয়ে অর্ডার করা

নিজে গিয়ে অর্ডার করতে গেলে আমাকে কি করতে হবে?

আপনার একটি সাম্প্রতিক সচিত্র পরিচয় পত্র বা দুটি ঠিকানার প্রমাণপত্র প্রয়োজন হবে।

#### সচিত্র পরিচয় পত্রের বিকল্প সমূহের মধ্যে অন্তর্ভুক্ত:

- বর্তমান গাড়ি চালকের লাইসেন্স বা যিনি গাড়ি চালক নন তার আইডি
- IDNYC পৌরসভা কর্তৃক প্রদত্ত আইডি
- কাজের আইডি এবং একটি সাম্প্রতিক বেতনের প্রমাণপত্র
- একটি সাম্প্রতিক অনুলিপি সহ বিশ্ববিদ্যালয় বা কলেজ আইডি
- NYC MTA এর কমানো ভাড়া কার্ড
- সাম্প্রতিক মার্কিন বা বিদেশের পাসপোর্ট বা পাসপোর্ট কার্ড
- ফটো সমেত NYS সুবিধার কার্ড
- স্থায়ী আবাসিক কার্ড
- সাম্প্রতিক প্রকাশিত কাগজগুলি সমেত নিবাসী আইডি
- NYC Access-A-Ride প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য পরিবহন কার্ড

#### ঠিকানা প্রমাণের বিকল্প সমূহের মধ্যে অন্তর্ভুক্ত:

- ইউটিলিটি বিলগুলি, যেমন আপনার ইন্টারনেট, গ্যাস বা ইলেকট্রিক বিল
- ক্রেডিট কার্ড স্টেটমেন্ট
- কোনও সরকারী সংস্থা থেকে আপনাকে পাঠানো চিঠি

উভয় ডকুমেন্টগুলিতে অবশ্যই আপনার নাম এবং ঠিকানা দেখাতে হবে এবং অবশ্যই গত 60 দিনের মধ্যের তারিখের হতে হবে। আপনি যদি একটি বর্তমান সচিত্র পরিচয় পত্রের পরিবর্তে দুটি ঠিকানার প্রমাণপত্র জমা দেন, তাহলে আপনার শংসাপত্র আপনাকে ডাকযোগে পাঠানো হবে।

#### ফী কত এবং কিভাবে প্রদান করব?

- সকল NYC জন্মের শংসাপত্র এবং মৃত্যু শংসাপত্রের খরচ \$15 সেইসাথে পরিচিত যাচাইকরণের জন্য এককালীন ফী \$2.75। উদাহরণস্বরূপ, একটি শংসাপত্রের খরচ হল \$17.75। দুটি শংসাপত্র = \$32.75; তিনটি শংসাপত্র = \$47.75; ইত্যাদি।
- একটি ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড, চেক বা মানি অর্ডারের সাহায্যে প্রদান করুন। আমরা নগদ অর্থ গ্রহণ করি না।

#### একটি মৃত্যুর শংসাপত্র আমি কিভাবে অর্ডার করব?

অনুগ্রহ করে একজন গ্রাহক পরিষেবা কর্মীকে একটি NYC মৃত্যুর শংসাপত্র আবেদনের জন্য জিজ্ঞাসা করুন। জন্মের শংসাপত্রের লাইনের একজন গ্রাহক পরিষেবা কর্মী আপনাকে অর্ডার করতে সহায়তা করবে।

আপনার কোনও প্রশ্ন থাকলে একজন গ্রাহক পরিষেবা কর্মীর সাথে কথা বলুন।